

মন্ত্রিপরিষদ বিভাগের মার্চ ২০১৮ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: মার্চ ২০১৮

প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১৬ এপ্রিল ২০১৮

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: মন্ত্রিপরিষদ বিভাগ	৩৩৭	২২৬	১১১
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: দুর্নীতি দমন কমিশন	১,২৭৪	৯০৫	২২৪
মোট	১,৬১১	১,১৩১	৩৩৫

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদুর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	২৪	২০	২৮	৩৯	১১১
দুর্নীতি দমন কমিশন	-	-	৫০	৩৩	১৩৮	৩	২২৪*
মোট	-	-	৭৪	৫৩	১৬৬	৪২	৩৩৫

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীত গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১। ০১-০২ মার্চ ২০১৮ মেয়াদে কুমিল্লা জেলা সফর করেন। ২। ০৮-০৯ মার্চ ২০১৮ মেয়াদে নাটোর জেলা সফর করেন। ৩। ১৭ মার্চ ২০১৮ মেয়াদে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মদিবস এবং জাতীয় শিশু দিবস-২০১৮ উদযাপন উপলক্ষে গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া সফর করেন। ৪। ২৬ মার্চ ২০১৮ তারিখে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উপলক্ষে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। ৫। ২৭-২৮ মার্চ ২০১৮ তারিখ কক্সবাজার জেলা সফর করেন।	-	-

উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নাই।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তারিখ	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১০.৭৯ জিওবি: ০.৩৩	৪.৩১ (৩৯.৯৪ শতাংশ)	-	-	-
Technical Support for CRVS System Improvement in Bangladesh	ডিপিএ: ১.১৫৪০	০.২৮৭ (২৪.৮৯ শতাংশ)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তারিখ	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তারিখ	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তারিখ
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	০৭টি	০.২৩	-	-	৭টি	মন্ত্রিপরিষদ বিভাগে বর্তমানে কোন অডিট আপত্তি নেই। তবে ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা টাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৪টি	২৩৯.০৭	-	-	১৪টি	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ অনুযায়ী আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হয়।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৬৮৬.৭৭	০৪	-	০৪টি	-
মোট	২৫টি	৯২৬.০৭	০৪	-	২৫টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০৩	-	-	-	-	৩	-
দুর্নীতি দমন কমিশন-১২	-	-	১	-	১২	১১
মোট ১৫	-	-	১	-	১৫	১১

* প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন-১ শাখায় স্থানান্তর করা হয়।

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	‘Evolving Trends in Alternative Care for Children and Youth’ স্থান: ভারত	১৭-১৮ মার্চ ২০১৮	মন্ত্রিপরিষদ বিভাগ	একজন সচিব, সমন্বয় ও সংস্কার
	২।	৮৫তম সিনিয়র স্টাফ কোর্সের Foreign Exposure visit স্থান: ভিয়েতনাম	০৪-১৩ মার্চ ২০১৮	জনপ্রশাসন মন্ত্রণালয়	একজন অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন)
	৩।	‘Inspection of Equipment/ Materials to be supplied for Sikalbaha 222 MW Dual Fuel Combined Cycle Power Plan Project’ Bangladesh Power Development Board, Chittagong-এ অংশগ্রহণ স্থান: জার্মানি, চীন ও সিঙ্গাপুর	০৮-১৭ মার্চ ২০১৮	বিদ্যুৎ বিভাগ	একজন উপসচিব (মন্ত্রিসভা বৈঠক)
দুর্নীতি দমন কমিশন	১।	ফরেনসিক ইনভেস্টিগেশন	২৫ ফেব্রুয়ারি হতে ০৮ মার্চ ২০১৮	সিআইডি	২৫ জন
	২।	ফরেনসিক ইনভেস্টিগেশন	১১-২২ মার্চ ২০১৮	সিআইডি	২৫ জন
	৩।	Case Management and Case Analysis for Anti-Corruption Commission	২০-২১ মার্চ ২০১৮	UNODC	৩০ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার তার বর্ণনা: নাই।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: তিনজন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার একটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা ছয়টি, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা একটি, সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দু'টি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দু'টি সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠক ১৫টি সিদ্ধান্ত গৃহীত হয় এবং এর মধ্যে ৯টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়।

(৩) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/ হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত ০৩টি পত্র জারি করা হয়।

(৪) ২০১৮ সালের স্বাধীনতা পুরস্কারের পদক তৈরি ও উক্ত অনুষ্ঠান আয়োজন-সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করা হয়।

(৫) মন্ত্রিপরিষদ বিভাগের সার্বিক ব্যবস্থাপনায় শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজন করা হয়। এ প্রতিযোগিতা ২০ জানুয়ারি ২০১৮ তারিখে শুরু হয়ে ১৫ মার্চ ২০১৮ তারিখে সমাপ্ত হয়। এ প্রতিযোগিতা ২০-৩১ জানুয়ারি ২০১৮ মেয়াদে স্কুল, কলেজ ও মাদ্রাসা পর্যায়ে, ০১-০৭ ফেব্রুয়ারি ২০১৮ মেয়াদে ইউনিয়ন পর্যায়ে, ১০-১৫ ফেব্রুয়ারি ২০১৮ মেয়াদে উপজেলা পর্যায়ে, ২২-২৮ ফেব্রুয়ারি ২০১৮ মেয়াদে জেলা এবং সিটি করপোরেশন পর্যায়ে, ০৮-১৪ মার্চ ২০১৮ মেয়াদে বিভাগীয় পর্যায়ে এবং ১৫ মার্চ ২০১৮ তারিখ জাতীয় পর্যায়ে সফলভাবে সম্পন্ন হয়। এ প্রতিযোগিতায় ৬৪টি জেলার ৬৩,৯০৯টি প্রাথমিক বিদ্যালয়, ১৭,৫১৭টি মাধ্যমিক বিদ্যালয়, ৩,৮৭০টি কলেজ ও ৭,১৫৩টি মাদ্রাসার মোট ৬২,৫২,৩৫৩ জন ছাত্র ও ৬৩,৭০,২৯৫ জন ছাত্রী সর্বমোট ১,২৬,২২,৬৪৮ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে।

(৬) ২৬ মার্চ ২০১৮ তারিখ সকাল ০৮.০০ ঘটিকায় বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে জাতীয় শিশু কিশোর সমাবেশে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জাতীয় পতাকা উত্তোলনকালে বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং বাংলাদেশ শিশু একাডেমির ২০০ জন শিক্ষার্থী শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন করে। এ সময় মাননীয় প্রধানমন্ত্রী এবং বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে উপস্থিত সকলে সমবেতভাবে জাতীয় সংগীত পরিবেশনে অংশগ্রহণ করেন। একইসঙ্গে একযোগে সারাদেশে এবং বিদেশে শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন করা হয়।

(৭) দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের অংশগ্রহণে শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা ও জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এ প্রতিযোগিতায় প্রাথমিক, মাধ্যমিক ও কলেজ পর্যায়ে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী মোট ১১টি দলের (প্রতিটি দলে ১০ জন করে) মোট ১১০ জন প্রতিযোগিকে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। তন্মধ্যে ১১টি বিজয়ী দলের মোট ১১ জন দলনেতাকে ২৬ মার্চ ২০১৮ তারিখ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে মাননীয় প্রধানমন্ত্রী পুরস্কার প্রদান করেন।

(৮) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১১ মার্চ ২০১৮ তারিখ দ্বিপাক্ষিক সরকারি সফরে সিঙ্গাপুরের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৯) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ Founding Conference of International Solar Alliance-এ অংশগ্রহণের জন্য ০৮ মার্চ ২০১৮ তারিখ সরকারি সফরে ভারতের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন এবং ১২ মার্চ ২০১৮ তারিখ ঢাকায় প্রত্যাবর্তন করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রস্থান ও প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(১০) ১৫ মার্চ ২০১৮ তারিখে জাতিসংঘ সদর দপ্তরে জাতিসংঘের ইউএনসিডিপি (United Nations Committee for Development Policy) কর্তৃক বাংলাদেশকে স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে উন্নয়নশীল দেশ হিসাবে উত্তরণের যোগ্যতা

অর্জন সংক্রান্ত ঘোষণা প্রদান করা হয়। উন্নয়নশীল দেশ হিসাবে বাংলাদেশের উত্তরণ এক বিরাট সফলতা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্ব ও প্রজ্ঞার কারণেই এ স্বীকৃতি অর্জন সম্ভব হয় যা আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থানকে আরও সুসংহত করছে। উন্নয়নশীল দেশ হিসাবে উত্তরণের যোগ্যতা অর্জনের মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৯ মার্চ ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত অভিনন্দন প্রস্তাব ২১ মার্চ ২০১৮ তারিখে প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১১) সিঙ্গাপুরভিত্তিক গবেষণা সংস্থা ‘দ্য স্ট্যাটিস্টিকস ইন্টারন্যাশনাল’ কর্তৃক সম্প্রতি এক জরিপে দক্ষ নেতৃত্ব, রাষ্ট্রনায়কোচিত গুণাবলি, মানবিকতা ও আন্তর্জাতিক পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণ এবং বাস্তবায়নসহ ২০১৭ সালে আন্তর্জাতিক মিডিয়ার আলোচনায় অন্তর্ভুক্ত থাকার পরিপ্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিশ্বের দ্বিতীয় সেরা প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচন করা হয়। ‘দ্য স্ট্যাটিস্টিকস ইন্টারন্যাশনাল’ কর্তৃক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিশ্বের দ্বিতীয় সেরা প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত করার মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৯ মার্চ ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত অভিনন্দন প্রস্তাব ২১ মার্চ ২০১৮ তারিখে প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১২) স্নানামখন্য ভাস্কর ও মুক্তিযোদ্ধা ফেরদৌসী প্রিয়ভাষিণী ০৬ মার্চ ২০১৮ তারিখে ৭১ বছর বয়সে ইন্তেকাল করেন (ইন্মালিলাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। ফেরদৌসী প্রিয়ভাষিণীর মৃত্যুতে গভীর শোকপ্রকাশ ও তাঁর রুহের মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ১৯ মার্চ ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ২১ মার্চ ২০১৮ তারিখে প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১৩) ১২ মার্চ ২০১৮ তারিখে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে নেপালের কাঠমান্ডুর উদ্দেশে ছেড়ে যাওয়া বাংলাদেশের বেসরকারি বিমান সংস্থা ইউএস বাংলার বিএস-২১১ ফ্লাইটটি ৭১ জন আরোহীকে নিয়ে ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের সময় এক মর্মান্তিক দুর্ঘটনায় পতিত হয়। এ দুর্ঘটনায় ২৬ জন বাংলাদেশিসহ মোট ৫১ জন নিহত এবং ২০ জন আহত হন। এ মর্মান্তিক বিমান দুর্ঘটনায় নিহতদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁদের বিদেহী আত্মার শান্তি কামনা করে, শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জানিয়ে এবং আহত ব্যক্তিগণ যাতে দ্রুত আরোগ্য লাভ করে স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারেন সে প্রার্থনা করে মন্ত্রিসভার ১৯ মার্চ ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ২১ মার্চ ২০১৮ তারিখে প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১৪) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত জেলা প্রশাসক সম্মেলন ২০১৭-এর গৃহীত স্বল্পমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে মার্চ ২০১৮ মাসে ১৪টি স্বল্পমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়।

(১৫) ২৯ মার্চ ২০১৮ তারিখে বিভাগীয় কমিশনার সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার ৩৩টি সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত ০২ এপ্রিল ২০১৮ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও কমিশনারগণের নিকট সভার সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়।

(১৬) সিলেট জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার (দুর্ভুক্ত কর্তৃক প্রখ্যাত লেখক ও শিক্ষাবিদ এবং শাবিপ্রবি অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল-এঁর ওপর হামলা) বিষয়ে তদন্তপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) জনাব মনিরা পারভীন, উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল কর্তৃক ২৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে থানার সাধারণ ডায়েরিকরণ বিষয়ে তদন্তপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৮) চট্টগ্রাম বিভাগের বান্দরবান পার্বত্য জেলায় স্পর্শকাতর, চাঞ্চল্যকর ও গুরুতর ঘটনা (সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্টের চেষ্টা) সংশ্লিষ্ট প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ/ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) সিলেট জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার (দক্ষিণ সুরমা উপজেলায় দু’পক্ষের সংঘর্ষে মৃত্যু সংক্রান্ত) প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২০) সিলেট জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার (অবৈধভাবে পাথর উত্তোলনের সময় মাটি চাপায় শ্রমিক নিহত সংক্রান্ত) বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ/জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) ঘুমধুম ইউনিয়নের কোনাপাড়া বাংলাদেশ-মায়ানমার সীমান্ত পরিস্থিতি অবহিতকরণ সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২২) ফেব্রুয়ারি ২০১৮ মাসের বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

- (২৩) ফেব্রুয়ারি ২০১৮ মাসের বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৪) প্রধানমন্ত্রীর কার্যালয়ে বাল্যবিবাহ সংক্রান্ত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।
- (২৫) গ্রাম আদালতসমূহে সর্বোচ্চ মামলা নিষ্পত্তিতে ধন্যবাদ জ্ঞাপন করে জেলা প্রশাসক, চট্টগ্রাম এবং সংশ্লিষ্ট গ্রাম আদালতের সভাপতি (ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান) বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৬) দেশে জজিবাদ দমনে সামাজিক সচেতনতা বৃদ্ধি, উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণ ও সমন্বয়ের লক্ষ্যে গঠিত জজিবাদ প্রতিরোধ এবং প্রতিকার কমিটির ৮ম সভার গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়নের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।
- (২৭) সিলেট জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার (বজ্রপাতের ফলে গ্যাসের রাইজারে সৃষ্ট আগুনে পুড়ে আহত ও নিহত হওয়া সংক্রান্ত) প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।
- (২৮) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী মার্চ ২০১৮ মাসে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন মামলায় ০৬ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল এবং ০১ জনের বিরুদ্ধে এফ.আর.টি দাখিল করা হয়। এ ছাড়া ৬৩ জনের বিষয়ে দুর্নীতি দমন কমিশন কর্তৃক অনুসন্धानে অপরাধ প্রমাণিত না হওয়ায় নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়। উপরোল্লিখিত বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের নির্দেশনা প্রদান করা হয় এবং দুই জন কর্মকর্তাকে পরিচালক পদে প্রেষণে দুর্নীতি দমন কমিশনে যোগদানের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়।
- (২৯) বিভিন্ন আইনে এক জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।
- (৩০) বিবেচ্য মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২০ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ০৬ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিভুক্ত এবং ০৩ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।
- (৩১) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত ফেব্রুয়ারি প্রথম ও ফেব্রুয়ারি দ্বিতীয় পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়।
- (৩২) সম্প্রতি অনুষ্ঠিত এসএসসি পরীক্ষা-২০১৮ এ দুরভিসন্ধিমূলক আচরণের বিষয়ে অবহিতকরণ পত্র মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর প্রেরণ করা হয়।
- (৩৩) চলতি সেচ মৌসুমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের জন্য সকল জেলা প্রশাসককে অনুরোধ করা হয়।
- (৩৪) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০১৮ উদ্‌যাপনের জন্য সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।
- (৩৫) বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা-২০১৮ এবং জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০১৮ উদ্‌যাপনের জন্য সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।
- (৩৬) ২৫ মার্চ গণহত্যা দিবস-২০১৮ পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৮ উদ্‌যাপনের জন্য সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।
- (৩৭) বাংলাদেশ স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের সুপারিশলাভ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীকে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের ভিডিও বার্তা অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণের জন্য সকল জেলা প্রশাসক অনুরোধ করা হয়।
- (৩৮) বিমান দুর্ঘটনায় নিহত বাংলাদেশি মৃতদের পরিবারকে সমবেদনা জ্ঞাপনের জন্য সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।
- (৩৯) ২০১৮ সালের এইচএসসি ও সমমান পরীক্ষা সম্পূর্ণরূপে প্রশ্ন ফাঁসমুক্ত, প্রশ্ন ফাঁসের গুজবমুক্ত ও সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে কতিপয় কার্যক্রম গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনারকে অনুরোধ করা হয়।
- (৪০) সমবেত কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশনের জন্য সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।
- (৪১) হালদা নদী রক্ষায় গৃহীত কার্যক্রম সমন্বয় করার জন্য প্রস্তাবিত টাঙ্কফোর্সে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম ও জেলা প্রশাসক, চট্টগ্রামকে সদস্য হিসাবে অন্তর্ভুক্তির বিষয়ে সম্মতি প্রদান সংক্রান্ত পত্র মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বরাবর প্রেরণ হয়।

(৪২) সিংড়া উপজেলা প্রস্তাবিত হাইটেক পার্ক জেলা সদর নাটোরে স্থাপনের প্রস্তাব বিবেচনার আবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বরাবর প্রেরণ হয়।

(৪৩) ০২ মার্চ ২০১৮ তারিখে জেলা প্রশাসকের কার্যালয় নাটোরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত জেলা পর্যায়ের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

(৪৪) ২৮ মার্চ ২০১৮ তারিখে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় উকিয়ায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা পর্যায়ের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

(৪৫) স্বাধীনতা পুরস্কার ২০১৮ প্রদান অনুষ্ঠানের আসন ব্যবস্থাপনা, আসন সংরক্ষণ ও অভ্যর্থনা সংক্রান্ত উপকমিটির দায়িত্ব পালন করা হয়।

(৪৬) ২০১৭-১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন কারিগরি কমিটি ও জাতীয় কমিটি কর্তৃক অনুমোদন দেওয়া হয়।

(৪৭) ২৪টি মন্ত্রণালয়/বিভাগের ২০১৭-১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক অর্জনের বিপরীতে ফলাবর্তক প্রদান করা হয়।

(৪৮) ২০ মার্চ ২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়নাত্মক ‘Platforms for Dialogue strengthening inclusion and participation in decision making and accountability mechanisms in Bangladesh’ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের কর্মশালা আয়োজন করা হয়।

(৪৯) মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েব সাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)-এর সেবা বঞ্চে ব্যবহারের জন্য লোগো এবং মাঠপর্যায়ের জন্য প্রস্তুতকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য ই-গভর্নেন্স অধিশাখায় সফটকপি ও হার্ডকপি প্রেরণ করা হয়।

(৫০) ঢাকাসহ সারাদেশে জমি এবং ফ্ল্যাটের বাজার মূল্যের সঙ্গে সরকার নির্ধারিত রেট-এর পার্থক্য নিরসনকল্পে গঠিত কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য আইন ও বিচার বিভাগের পত্র প্রেরণ করা হয়।

(৫১) সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের অফিসসমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

(৫২) সকল মন্ত্রণালয়/বিভাগে GRS সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।

(৫৩) সিআরডিএস বাস্তবায়নের সাথে জড়িত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ক সমন্বয় সভা ০৮ মার্চ ২০১৮ তারিখে আয়োজন করা হয়।

(৫৪) Technical Support for CRVS System Improvement in Bangladesh Phase 2 প্রকল্পের আওতায় বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

(৫৫) সামাজিক নিরাপত্তা ফোকাল পয়েন্ট সমন্বয় সভা আয়োজন করা হয়।

(৫৬) সামাজিক নিরাপত্তা কৌশল কর্ম-পরিকল্পনার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সমন্বিতকরণ বিষয়ে পর্যালোচনা অনুষ্ঠান করা হয়।

(৫৭) সামাজিক নিরাপত্তার বিভিন্ন বিষয় পর্যালোচনার নিমিত্ত কক্সবাজারে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের বিভিন্ন বিষয় পর্যালোচনার জন্য কক্সবাজারে রিট্রিট আয়োজন করা হয়।

(৫৮) সামাজিক নিরাপত্তা কার্যক্রমে অভিযোগ নিরসন ব্যবস্থাপনার ওপর কর্মশালা আয়োজন করা হয়।

(৫৯) ইউরোপিয়ান ইউনিয়নের প্রস্তাবিত বাজেট সহায়তার বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন করা হয়।

গ. আগামী (এপ্রিল-মে) মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৩) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৪) মন্ত্রিসভা কমিটি/পরিষদ/টাস্কফোর্স/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(৫) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৬) নিকার-এর সভা অনুষ্ঠান।

(৭) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা এবং জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৮৬তম সভা অনুষ্ঠান।

(৮) Technical Support on CRVS System Implimentation in Bangladesh Phase-2 প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করা।

(মুহাম্মদ আসাদুল হক)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৫৭৪৪৯

e-mail: report_sec@cabinet.gov.bd